

## মুয়াত্তা মালিক

হাদিস নম্বরঃ ১৮৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. যাহরী নামাযে ইমামের পিছনে কিরাআত পড়া হইতে বিরত থাকা

### بَابُ تَرْكِ الْقِرَاءَةِ خَلْفَ الْإِمَامِ فِيمَا جَهَرَ فِيهِ

আরবী

حَدَّثَنِي يَحْيَى، عَنْ مَالِكٍ، عَنْ نَافِعٍ، أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ، كَانَ إِذَا سُئِلَ هَلْ يَقْرَأُ أَحَدٌ خَلْفَ الْإِمَامِ قَالَ إِذَا صَلَّى أَحَدُكُمْ خَلْفَ الْإِمَامِ فَحَسْبُهُ قِرَاءَةُ الْإِمَامِ وَإِذَا صَلَّى وَحْدَهُ فَلْيَقْرَأْ . قَالَ وَكَانَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ لَا يَقْرَأُ خَلْفَ الْإِمَامِ . قَالَ يَحْيَى سَمِعْتُ مَالِكًا يَقُولُ الْأَمْرُ عِنْدَنَا أَنْ يَقْرَأَ الرَّجُلُ وَرَاءَ الْإِمَامِ فِيمَا لَا يَجْهَرُ فِيهِ الْإِمَامُ بِالْقِرَاءَةِ وَيَتْرَكَ الْقِرَاءَةَ فِيمَا يَجْهَرُ فِيهِ الْإِمَامُ بِالْقِرَاءَةِ .

বাংলা

রেওয়ায়ত ৪৩. নাবি' (রহঃ) হইতে বর্ণিত, আবদুল্লাহ ইবন উমর (রাঃ)-কে প্রশ্ন করা হইত, ইমামের পিছনে কেউ কুরআন পাঠ করিবে কি? তিনি বলিতেনঃ তোমাদের কেউ যখন ইমামের পিছনে নামায পড়ে তখন ইমামের কিরাআতই তাহার জন্য যথেষ্ট। আর একা নামায পড়িলে অবশ্য কুরআন পাঠ করিবে। আবদুল্লাহ ইবন উমর (রাঃ) নিজেও ইমামের পিছনে কুরআন পাঠ করিতেন না।

ইয়াহইয়া (রহঃ) বলেনঃ আমি মালিক (রহঃ)-কে বলিতে শুনিয়াছিঃ আমার মতে যেসব নামাযে ইমাম সরবে কুরআন পাঠ করেন সেসব নামাযে মুকতাদিগণ কিরাআত হইতে বিরত থাকিবেন। আর যেসব নামাযে ইমাম নীরবে কুরআন পাঠ করেন সেসব নামাযে তাহারা কুরআন পাঠ করিবেন।[1]

## English

Yahya related to me from Malik from Nafi that Abdullah ibn Umar, when asked if anyone should recite behind an imam, said, "When you pray behind an imam then the recitation of the imam is enough for you and when you pray on your own you must recite." Nafi added, "Abdullah ibn 'Umar used not to recite behind the imam."

Yahya said that he heard Malik say, "The position with us is that aman recites behind the imam when the imam does not recite aloud and he refrains from reciting when the imam recites aloud."

### ফুটনোট

[1] যেসব নামাযে সরবে কুরআন পাঠ করা হয়, যেমন ফজর মাগরিব, ইশা, জুমুআ ইত্যাদি, সেসব নামাযকে 'যাহরী' নামায বলা হয়। আর যে সকল নামাযে নীরবে কিরাআত পড়া হয় সে সকল নামাযকে 'সিররী' নামায বলা হয়।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নাবি' (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=73081>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন